

First India-Australia 2+2 Ministerial Dialogue

September 09, 2021

প্রথম ভারত-অষ্ট্রেলিয়া 2+2 মন্ত্রী পর্যায়ের আলোচনা

সেপ্টেম্বর 09, 2021

11 সেপ্টেম্বর 2021 তারিখে ভারত নিউ দিল্লিতে উদ্বোধনী ভারত-অষ্ট্রেলিয়া 2+2 মন্ত্রী পর্যায়ের আলোচনার আয়োজন করবে। অষ্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী হার এক্সলেপ্সি মিস মারিসে পায়নে এবং প্রতিরক্ষা মন্ত্রী হিজ এক্সলেপ্সি মিস্টার পিটার ডাটন আলোচনায় যোগদান করার জন্য 10-12 সেপ্টেম্বর 2021 -এ ভারত সফরে আসবেন। ভারতের তরফ থেকে প্রতিনিধী দলের নেতৃত্ব দেবেন ভারতের প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিংহ এবং বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর। এই প্রতিনিধি দলের মধ্যে প্রতিরক্ষা এবং বিদেশ মন্ত্রকের আধিকারিকরাও থাকবেন।

04 জুন 2020-এ ভারত-অষ্ট্রেলিয়া নেতাদের ভার্চুয়াল শীর্ষ সম্মেলনের সময় ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের জন্য ভারত-অষ্ট্রেলিয়া দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নতি সাপেক্ষে উদ্বোধনী 2+2 মন্ত্রী পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হচ্ছে। আলোচনার আলোচ্যসূচির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে পারস্পরিক স্বার্থ সম্পর্কিত দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 09, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.